বিষয় কোড | ১ | ১ | ০ |


এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় ঃ ভূগোল ও পরিবেশ (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান—৬০

[ বিঃ দ্রঃ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও ]

১.



চিত্র: সৌরজগৎ

ক. পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত? ১

খ. সৌরজগতের সমস্ত জ্যোতিষ্কের মধ্যে সূর্য গুরুত্বপূর্ণ কেন? ২

গ. 'ক' গ্রহটিতে প্রাণের অস্তিত্ব সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খ' গ্রহটিতে জীবের বসবাস উপযোগী পরিবেশ থাকা সত্ত্বেও প্রাণীর অস্তিত্ব সম্ভব নয় কেন? বিশ্লেষণ করো। ৪

২. নিশাত তার বাবার সাথে চীনে বেড়াতে গিয়ে একটি ভূমিরূপ দেখতে পায় যা সমুদ্র সমতল থেকে অনেক উপরে এবং চারপাশে পর্বতবেষ্টিত। তার বাবা বলল, এটি ছাড়াও সাগর বেষ্টিত স্থানে এবং পর্বতের পাদদেশে এই ধরনের ভূমিরূপ দেখা যায়।

ক. অস্ট্রেলিয়া কোন ধরনের মালভূমি? ১

খ. মালভূমি বলতে কি বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. নিশাতের দেখা ভূমিরূপটি কোন ধরনের ভূমিরূপের অন্তর্গত ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নিশাতের বাবার বর্ণনাকৃত ভূমিরূপ কি একই ধরনের? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. রাহুল নদীপথে মামার বাড়ি যাওয়ার সময় দেখল নদীতে পানি খুবই কম। পরে সে যখন নদীর পাড়ে ঘুরতে এল তখন দেখল নদীতে পানি থৈ থৈ করছে।

ক. "Hydrosphere" এর বাংলা প্রতিশব্দ কী? ১

খ. উষ্ণ সমুদ্রস্রোতের প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মানবজীবনে উক্ত ঘটনার প্রভাব বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

৪. দীর্ঘ দিন বিদেশে বসবাস করে শফিক তার গ্রামে ফিরে এসে অনেক পরিবর্তন লক্ষ্য করল যা নগরায়ণের লক্ষণ। তবে নগরায়ণ পরিকল্পিত না হওয়ায় শফিক নানা রকম সমস্যার সম্মুখীন হচ্ছে।

ক. পশুচারণ এলাকায় কি ধরনের বসতি দেখা যায়? ১

খ. আর্দ্র অঞ্চলের বসতি বলতে কী বোঝ? ২

গ. শফিকের গ্রামে যে পরিবর্তন হচ্ছে তার প্রভাবসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ. শফিকের গ্রামে অপরিকল্পিত নগরায়ণের ফলে যে সকল সমস্যা হতে পারে তা বিশ্লেষণ করো। ৪

৫. ঢাকার অদূরে ডেমরা থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত শীতলক্ষ্যা নদীর তীর ঘেঁষে দীর্ঘদিন ধরে নানা ধরনের শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এর মধ্যে ইপিজেড, জুটমিলস, কটনমিলস উল্লেখযোগ্য।


ক. অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের শতকরা কত ভাগ লোক দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের কর্মকাণ্ডের সাথে জড়িত? ১

খ. টেলিভিশন কারখানা কোন শিল্পের আওতায় পড়ে এবং কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলো কোন শ্রেণির ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত অঞ্চলে শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক কারণ বিশ্লেষণ করো। ৪

৬.




ক. বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী? ১

খ. অশ্বখুরাকৃতি নদীখাত কী? ব্যাখ্যা করো। ২

গ. মানচিত্রে উল্লিখিত 'ক' চিহ্নিত স্থানের ভূ-প্রকৃতি বর্ণনা করো। ৩

ঘ. 'খ' ও 'গ' চিহ্নিত স্থান দুটির মধ্যে কোন সাদৃশ্য আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

Copyright Md Shah Jamal

৭. হামিদ সাহেব বাংলাদেশের অর্থকরী ফসলের তালিকা প্রণয়ন করে পাটকে ১ম পর্যায়ে, ইক্ষুকে ২য় পর্যায়ে এবং চা কে ৩য় পর্যায়ে স্থান দিয়েছেন।

ক. কোন শিল্প বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে যথেষ্ট অবদান রাখছে? ১

খ. অর্থকরী ফসল বলতে কী বোঝ? ২

গ. হামিদ সাহেব যে অর্থকরী ফসলকে ১ম পর্যায়ে স্থান দিয়েছেন তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ২য় ও ৩য় পর্যায়ের অর্থকরী ফসলের মধ্যে বাংলাদেশের অর্থনীতিতে কোনটির অবদান উল্লেখযোগ্য? বিশ্লেষণ করো। ৪

৮. মতিউর সাহেব চট্টগ্রামে চাকরি করেন। পরিবার পরিজন নিয়ে তিনি এখানেই থাকেন। তবে যখনই ছুটি পান তখন তিনি তার বাবা মাকে দেখার জন্য পৈত্রিক নিবাস ঢাকায় যাতায়াত করেন। বেশির ভাগ ক্ষেত্রে তিনি রেলপথ ব্যবহার করে ঢাকায় যান।

ক. জলপথকে কয়টি ভাগে ভাগ করা যায়? ১

খ. বৈদেশিক বাণিজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সড়ক পথটি বাংলাদেশে গড়ে ওঠার ক্ষেত্রে কী কী নিয়ামক কাজ করে ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পথটির প্রসার ঘটিয়ে যানজট নিরসনের সাথে সাথে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব – তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. কনক ও কাকন সাভার যাওয়ার পথে আমিন বাজার পার হওয়ার পরেই চোখে জ্বালাপোড়া অনুভব করে। তারা দেখতে পেল রাস্তার উভয় পাশে অনেক ইটের ভাটা।

ক. বায়ু দূষণ কী? ১

খ. পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বোঝায়? ২

গ. কনক ও কাকনের চোখ জ্বালাপোড়া করার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিবেশ উদ্ভিদকূলের উপর কিরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ করো। ৪

Copyright Md Sirah Jamal

বিষয় কোড | ১ | ১ | ৩ |

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ ভূগোল ও পরিবেশ (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. সর্বপ্রথম কে 'Geography' কথাটি ব্যবহার করেন?**
ক) ভিডাল-ডি-লাব্লাশ  খ) অধ্যাপক ম্যাকনি
গ) কার্ল রিটার  ঘ) ইরাটসথেনিস

**২. সামাজিক ভূগোলের অন্তর্ভুক্ত—**
i. শহর ও নগর
ii. গ্রাম ও জনপদ তৈরি
iii. পরিবহন ও বাণিজ্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) i ও ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৩. জ্বলন্ত বাষ্পপিণ্ড কী?**
ক) কৃষ্ণবামন  খ) নক্ষত্র
গ) গ্রহ  ঘ) উল্কা

**৪. মহাকাশে স্বল্পালোকিত তারকারাজির আস্তরণকে কী বলে?**
ক) নীহারিকা  খ) ধূমকেতু
গ) ছায়াপথ  ঘ) উল্কা

**৫. পৃথিবী ছাড়া অন্য কোন গ্রহের উপরিভাগে গিরিখাত ও আগ্নেয়গিরি রয়েছে?**
ক) মঙ্গল  খ) নেপচুন
গ) বুধ  ঘ) বৃহস্পতি

**৬. টাইটান কোনটির উপগ্রহ?**
ক) শনির  খ) বুধের
গ) নেপচুনের  ঘ) প্লুটোর

**৭. যুক্তরাষ্ট্রে কয়টি প্রমাণ সময় রয়েছে?**
ক) ২টি  খ) ৩টি
গ) ৪টি  ঘ) ৫টি

**৮. কেন্দ্রমণ্ডলের প্রধান গঠন উপাদান কী?**
ক) লোহা  খ) সিলিকন
গ) কোবাল্ট  ঘ) ম্যাগনেসিয়াম

**৯. একটি মাত্র মৌল দিয়ে গঠিত খনিজের নাম–**
ক) হীরা  খ) ক্যালসাইট
গ) জিপসাম  ঘ) টেলক

**১০. লবণ পর্বত কোথায়?**
ক) পাকিস্তান  খ) যুক্তরাষ্ট্র
গ) ভারত  ঘ) শ্রীলঙ্কা

**১১. রকি কোন ধরনের পর্বত?**
ক) ভঙ্গিল পর্বত  খ) আগ্নেয় পর্বত
গ) স্তূপ পর্বত  ঘ) ক্ষয়জাত পর্বত

**১২. কী কারণে শিলা চূর্ণ-বিচূর্ণ হয়?**
ক) বায়ু প্রবাহ  খ) প্রাকৃতিক
গ) নদীস্রোত  ঘ) হিমবাহ

**১৩. কোনটি মহাদেশীয় মালভূমি?**
ক) আরব উপদ্বীপ
খ) পাতাগোনিয়া মালভূমি
গ) মঙ্গোলিয়া মালভূমি
ঘ) তিব্বতের মালভূমি

**১৪. গুরুমণ্ডল কী উপাদান দ্বারা গঠিত?**
i. ব্যাসল্ট ও ম্যাগনেসিয়াম
ii. ব্যাসল্ট-সিলিকন
iii. সিলিকন ও অক্সিজেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৫. কোন ধরনের এলাকায় ভূমিকম্প বেশি হয়?**
ক) পর্বতসঙ্কুল এলাকা  খ) মালভূমি
গ) সমতল ভূমি  ঘ) দ্বীপপুঞ্জ

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

ঢাকা থেকে জামাল বন্ধুসহ একটি দ্বীপে গেল। সে জানল, ওখানাকার মৃত্তিকা মূলত পানিতে বসবাসকারী বিভিন্ন প্রকার প্রাণীর জমাটবন্ধ দেহাবশেষ দ্বারা সৃষ্ট যা তার এলাকা থেকে ভিন্ন।

**১৬. কামালের দেখা দ্বীপটির মৃত্তিকা কোন শিলা দ্বারা গঠিত?**
ক) কোয়ার্টজ  খ) ডোলেমাইট
গ) বেলেপাথর  ঘ) চুনাপাথর

**১৭. কামালের দেখা দ্বীপটির মৃত্তিকা যে শিলা দ্বারা গঠিত তার বৈশিষ্ট্য হলো, এটি—**
i. স্তরে স্তরে সজ্জিত
ii. রাসায়নিক পদার্থের সঞ্চালন
iii. জৈব পদার্থের সজ্জিত রূপ
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii
গ) i ও ii  ঘ) i ও iii

**১৮. প্রাথমিক শিলা বলা হয় কোনটিকে?**
ক) রূপান্তরিত শিলাকে  খ) পাললিক শিলাকে
গ) আগ্নেয় শিলাকে  ঘ) খনিজকে

**১৯. কোন খনিজের কাঠিন্য সর্বোচ্চ?**
ক) তামা  খ) সোনা
গ) হীরা  ঘ) পারদ

**২০. ট্রপোমণ্ডলের উপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত কী নামে পরিচিত?**
ক) ট্রপোমণ্ডল  খ) তাপমণ্ডল
গ) স্ট্র্যাটোমণ্ডল  ঘ) এক্সোমণ্ডল

Copyright Md Shah Jamal

২১. কোন স্রোত উত্তর আমেরিকার পূর্ব উপকূলকে শীতল রাখে?
ক) লাব্রাডর স্রোত খ) উপসাগরীয় স্রোত
গ) কলিং স্রোত ঘ) মরুদেশীয় স্রোত

২২. বায়ুর জলীয়বাষ্প ধারণ করাকে কি বলে?
ক) সম্পৃক্ত বায়ু খ) শিশিরাংক
গ) বায়ুর আর্দ্রতা ঘ) আর্দ্র বায়ু

২৩. শ্বেতভল্লুক কোন অঞ্চলে বেশি দেখা যায়?
ক) মৌসুমী জলবায়ু অঞ্চলে
খ) নাতিশীতোষ্ণ জলবায়ু অঞ্চলে
গ) তুন্দ্রা জলবায়ু
ঘ) পার্বত্য জলবায়ু অঞ্চল

২৪. কোন অঞ্চলগুলো একই অক্ষাংশে অবস্থিত?
i. রাজবাড়ী
ii. দিনাজপুর
iii. শিলং
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. জলীয় বাষ্পের সৃষ্টি হয় কিসের দ্বারা?
ক) ঘনিভবন দ্বারা খ) ধূলিকণা দ্বারা
গ) শিশিরাঙ্ক দ্বারা ঘ) বাষ্পীভবন দ্বারা

২৬. আবহাওয়া ও জলবায়ুর যাবতীয় প্রক্রিয়া কোন স্তরে সংঘটিত হয়?
ক) ট্রপোমন্ডল খ) স্ট্রাটোমন্ডল
গ) মেসোমন্ডল ঘ) আয়নমন্ডল

২৭. প্রশান্ত মহাসাগরের বৈশিষ্ট্য কোনটি?
ক) বৃহত্তম ও গভীরতম
খ) বৃহত্তম ও অগভীরতম
গ) ক্ষুদ্রতম ও গভীরতম
ঘ) ক্ষুদ্রতম ও অগভীরতম

২৮. পৃথিবীর শ্রেষ্ঠ মৎস্য আহরণ ক্ষেত্র কোনটি?
ক) হিমশৈল খ) সাগর
গ) মহাসাগর ঘ) মগ্নচূড়া অঞ্চল

২৯. সমুদ্রের কোথায় পানির ঘনত্ব বেশি?
ক) মোহনায় খ) উপকূলে
গ) সমুদ্রের মাঝে
ঘ) যেখানে লবণাক্ততা বেশি

৩০. উন্নত বিশ্বে জনসংখ্যা কোন পর্যায়ে রয়েছে?
ক) বৃদ্ধিরত খ) স্থিতিশীল
গ) হ্রাসরত ঘ) অস্থিতিশীল

৩১. জাতীয় উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে কোনটি?
ক) সম্পদ খ) জনগণ
গ) বাণিজ্য ঘ) সরকার

৩২. নিচের কোনটি প্রাথমিক পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড?
ক) শিল্প খ) কৃষি
গ) চিকিৎসা ঘ) শিক্ষকতা

৩৩. নিচের কোনটি বসতি স্থাপনের নিয়ামক?
i. ভূ-প্রকৃতি
ii. পানীয় জলের সহজলভ্যতা
iii. বণাঞ্চল
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৪. বাংলাদেশে পোশাক শিল্প গড়ে ওঠার প্রধান কারণ কোনটি?
ক) বাজারের সান্নিধ্য খ) সস্তা শ্রমিক
গ) শক্তি সম্পদের সান্নিধ্য ঘ) প্রযুক্তিগত কারণে

৩৫. নবায়নযোগ্য সম্পদ কোনটি?
ক) প্রাকৃতিক গ্যাস খ) সৌর শক্তি
গ) খনিজ তেল ঘ) পীট কয়লা

৩৬. স্থানীয় বসবাসের জন্য কী ধরনের ভূমি আদর্শ?
ক) সমভূমি খ) পাহাড়ি ভূমি
গ) মালভূমি ঘ) উচ্চভূমি

৩৭. পদ্মা নদীর উৎপত্তিস্থল কোথায়?
ক) কৈলাশ শৃঙ্গ খ) মানস সরোবর
গ) গঙ্গোত্রী হিমবাহ ঘ) হিমবাহের প্রান্ত সীমায়

৩৮. মধুপুর ও ভাওয়ালের গড় কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের অন্তর্ভুক্ত?
ক) টারশিয়ারি
খ) সাম্প্রতিককালের প্লাবন সমভূমি
গ) প্লাইস্টোসিন
ঘ) প্লাবন সমভূমি

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:

রীতা তার দাদুর সাথে সিলেট শাহজালালের মাজার দেখতে গেল। কিন্তু সারাদিন প্রচুর বৃষ্টিপাতের জন্য তারা প্রথম দিন বের হতে পারে না। দাদু তাকে বলল, সিলেট জেলা জয়ন্তিয়া পাহাড়ের পাদদেশে অবস্থিত। তাই এখানে প্রচুর বৃষ্টিপাত হয়।

৩৯. ঋতু পরিবর্তন বাংলাদেশের কোন ক্ষেত্রটির ওপর প্রত্যক্ষ প্রভাব রাখে?
ক) কৃষি ক্ষেত্রে খ) শিল্পায়নের ক্ষেত্রে
গ) বাণিজ্যের ক্ষেত্রে ঘ) যোগাযোগের ক্ষেত্রে

৪০. রীতা যে জেলায় গেল সেখানে বৃষ্টিপাত বেশি হওয়ার কারণ—
i. খাসিয়া জয়ন্তিয়া পাহাড়ের পাদদেশে অবস্থিত
ii. গাড়ো পাহাড়ের পাদদেশে অবস্থিত
iii. হিমালয়ের পাদদেশে অবস্থিত
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক |
| ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ |
| ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | ক |

Copyright Md Shah Jamal